গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

১৯৫৯ সালে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমীর (বার্ড) অভ্যুদয়ের পর থেকে উদ্ভাবনশীল উদ্যোগ গ্রহণের মাধ্যমে বার্ড গ্রামীন জনগণের কল্যানার্থে উল্লেখযোগ্য সংখ্যক নতুন মডেল ও কর্মপদ্ধতি উপহার দিয়েছে। পল্লীর জনগণের জীবনমানের উন্নয়ন এবং অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে বার্ড গবেষণা, প্রায়োগিক গবেষণা পরিচালনা করে। গবেষণালব্ধ প্রয়াস থেকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), উপজেলা কমপ্লেক্স, থানা বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন এবং সার্বিক গ্রাম উন্নয়নের জাতীয় কর্মসূচি (সিভিডিপি) সূচিত হয় । বার্ড কুমিল্লা পদ্ধতি উদ্ভাবনসহ পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে এ পর্যন্ত ৫৮টি প্রায়োগিক গবেষণা পরিচালনা করেছে । বিগত ৩ বছরে বার্ড সমন্বিত কৃষি কর্মকান্ডের মাধ্যমে কুমিল্লা জেলার লালমাই-ময়নামতি পাহাড়ী এলাকার জনগণের জীবন জীবিকার উন্নয়ন প্রকল্প, বার্ডের ভৌত সুবিধাদি উন্নয়ন প্রকল্প, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী, স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন ও দারিদ্র্য মনিটরিং পদ্ধতি, মহিলা শিক্ষা, আয় ও পুষ্টি উন্নয়ন, ই-পরিষদ প্রকল্প এবং প্রদর্শনী গাভী পালন প্রকল্প বাস্তবায়ন করেছে। এ সময়কালে বার্ড পল্লী উন্নয়নের বিভিন্ন বিষয়ে ৩৫টি গবেষণা সম্পাদন করেছে। এছাড়া বার্ড সরকারি-বেসরকারি সংস্থার বিভিন্ন পর্যায়ে কর্মকর্তা-কর্মচারি এবং প্রকল্পসমূহের সুফলভোগীসহ মোট ১৯,১৫০ জনকে বিভিন্ন বিষয়ে স্বল্প ও দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ প্রদান করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পল্লী উন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন নতুন ধারণা ও প্রযুক্তি নব প্রবর্তনার কারণে বার্ডের কর্মক্ষেত্র ক্রমাগত প্রসারিত হচ্ছে। এ কারণে প্রয়োজনীয় অর্থ সংস্থান এবং লোকবলের পেশাগত উন্নয়ন বার্ডের জন্য একটি বড় চ্যালেঞ্জ। বিশ্বের অগ্রসর শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রসমুহ তথা সেন্টারস অফ এক্সিলেন্সসমূহে অনুষদ সদস্যদের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং গবেষণা ও প্রায়োগিক গবেষণার সুযোগ বৃদ্ধি একান্ত প্রয়োজন। অন্যদিকে গবেষণা, প্রায়োগিক গবেষণা ও প্রশিক্ষণের জন্য সুযোগ বৃদ্ধিকল্পে ভৌত ও অবকাঠামোগত ক্ষেত্র প্রসারণও এমুহুর্তে একান্ত আবশ্যক । বিশেষ করে ষাটের দশকে সুচনায় স্থাপিত বার্ডের অধিকাংশ স্থাপনা জরাজীর্ণ হয়ে পড়েছে। পাঠকক্ষ, মিলনায়তন এবং হোস্টেল ও গেস্ট হাউজগুলো এবং বার্ডের আভ্যন্তরীণ রাস্তা ও আবাসিক ভবনসমূহ সংস্কার করা একান্ত জরুরী। নতুন পরিবর্তিত অবস্থায় বার্ডের সাংগঠনিক কাঠামো পরিবর্তন জরুরি হয়ে দাড়িয়েছে। সর্বোপরি বার্ড ক্যাম্পাসের ল্যান্ডস্কেপিং এবং নতুন এগ্রিকালচারাল ল্যাব এরিয়া সৃজনও একান্ত অপরিহার্য।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজনের মাধ্যমে গ্রামীণ মানব সম্পদ এবং জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি, দারিদ্র্য হ্রাসকরণের লক্ষ্যে নতুন ধরণের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রবর্তন এবং কুটির শিল্প নির্ভর গৃহগত কর্মসংস্থান সৃষ্টি। গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়নের সমস্যাসমূহ চিহ্নিতকরণ, সমাধান ও ফলাফল সম্প্রসারণ। প্রায়োগিক গবেষণার আওতায় কৃষি সম্প্রসারণমুলক উদ্যোগ গ্রহণ, দুর্যোগ ব্যবস্থাপনা এবং আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ক কার্যক্রম পরিচালনা। গ্রামীণ জনগণের জীবন মান উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সম্পদের সর্বোচ্চ ব্যবহার, উদ্যোক্তা সৃষ্টি, কৃষি উৎপাদন বৃদ্ধি, বিপণন এবং গ্রামীণ অঞ্চলে শহুরে সুবিধা সম্প্রসারণ দারিদ্র হ্রাসকরণ ও গ্রামীণ । বার্ডের চলমান কার্যক্রম শক্তিশালী করার লক্ষ্যে ভৌত অবকাঠামো উন্নয়ন ও অটোমেশন এবং বিভিন্ন উন্নয়নমূলক সংস্থার সাথে সম্পৃক্ততা বাড়ানো।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৬৫০০ পরিবারকে প্রকল্পভুক্তির মাধ্যমে সার্বিক জীবন মান উন্নয়ন সাধন করা হবে;
- এডিপি অর্থায়নে দুইটি প্রকল্প এবং বার্ডের রাজস্ব বাজেটের আওতায় ৩টি প্রায়োগিক গবেষণা পরিচালনা করা;
- স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে ৬২৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে;
- পল্লী উন্নয়ন বিষয়ক ৮টি নতুন গবেষণা পরিচালনা করা; এবং
- ভৌত অবকাঠামো উন্নয়ন ও অটোমেশন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুন...... মাসের ২৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

পল্লী উন্নয়নের শ্রেয় ভাবনা ও অনুশীলন (better ideas and practices)-এর অগ্রনী প্রতিষ্ঠানরূপে ভূমিকা গ্রহণ ও পরিপালন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়নের সুস্থায়ী (Sustainable Rural Development) গতিধারা সৃজন ও লালন এবং পল্লী উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচনে সরকারকে নতুন প্রস্তাবনা ও পরামর্শ প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. প্রশিক্ষণের মাধ্যমে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।

২. পল্লী এলাকার বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ, উন্নয়নের নতুন ক্ষেত্র অনুসন্ধান এবং সমস্যা উত্তোরণের পন্থা নিরুপনের জন্য গবেষণা পরিচালনা করা।

৩. প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে পল্লী উন্নয়নের নতুন ধারণা ও পদ্ধতি উদ্ভাবনের প্রচেষ্টা গ্রহণ।

৪. পল্লী উন্নয়নের নীতি, কৌশল এবং নতুন ধারণা বিস্তারের ফলপ্রসূ কার্যক্রম পরিচালনা করা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. পল্লী উন্নয়ন ও তদসংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে গবেষণা পরিচালনা;

২. পল্লী উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সরকারি কর্মচারী ও বেসরকারি চাকরিতে নিয়োজিত ব্যক্তিবর্গ, স্থানীয় সরকার প্রতিনিধি ও ব্যক্তিগণকে বুনিয়াদী ও বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান;

৩. উন্নয়নের ধারণা ও তত্ত্বসমূহ পরীক্ষা-নিরীক্ষা এবং ক্ষেত্রমত, বাস্তবায়ন;

৪. পল্লী উন্নয়ন সংক্রান্ত প্রকল্প ও কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন এবং মূল্যায়ন;

৫. সরকারি এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় উপদেশ ও পরামর্শমূলক সেবা প্রদান;

৬. দেশী ও বিদেশী শিক্ষার্থীদের অভিসন্দর্ভ রচনার কাজে সহায়তা প্রদান এবং তত্ত্বাবধান;

৭. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ আয়োজন এবং পরিচালনা; এবং

৮. পল্লী উন্নয়ন সংক্রান্ত নীতি প্রণয়নের ক্ষেত্রে সরকারকে সহায়তা প্রদান

## সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| পল্লী উন্নয়নের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের সক্ষমতা বৃদ্ধি | কর্মকর্তা / সুফলভোগীর সংখ্যা | জন (লক্ষ) | ০.০৪৬৮ | ০.০৭৩৭ | ০.০৬২৫ | ০.০৬২৫ | ০.০৬৩০ | স্বাস্থ্য অধিদপ্তর এলজিইডি, বিপিএটিসি ও অন্যান্য সরকারি / বেসরকারি সংস্থা | -প্রশিক্ষণ বিভাগের রেজিষ্ট্রার বার্ডের বার্ষিক প্রতিবেদন |
| পল্লী উন্নয়নের নতুন সমস্যা উত্তরণের বিষয়ে নীতি প্রণয়নে সহায়তা | গবেষণা সংখ্যা | সংখ্যা | ৮ | ৮ | ৮ | ৮ | ৮ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | গবেষণা বিভাগের রেজিষ্ট্রার - বার্ডের বার্ষিক প্রতিবেদন |
| পল্লী উন্নয়নের ক্ষেত্রে নতুন কৌশল ও ধারণা প্রবর্তন | নতুন ধারণা/কৌশল | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও পরিকল্পনা কমিশন | -প্রকল্প বিভাগের রেজিষ্ট্রার - বার্ডের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] প্রশিক্ষণের মাধ্যমে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা। | ৩৫ | [১.১] প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী | [১.১.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | জন | ৪ | ১২৭৬ | ১১৩০ | ১১৫০ | ১১৪০ | ১১৩৫ | ১১০০ | ৬৬০ | ১১৫০ | ১১৫০ |
| | | [১.২] সমবায় সংগঠন ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | [১.২.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | জন (লক্ষ) | ২৫ | ০.০৩৪ | ০.০৪৭ | ০.০৩৫ | ০.০৩৪৫ | ০.০৩৪৪ | ০.০৩৩ | ০.০২ | ০.০৩৫ | ০.০৩৫ |
| | | [১.৩] সরকারি/বেসরকারি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মাঠ সমীক্ষা সংযুক্তি প্রশিক্ষণ | [১.৩.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ০.০০৩০৫ | ০.০০৩২৭ | ০.০০৪ | ০.০০৪৫ | ০.০০৪ | ০.০০৩৫ | ০.০০৩ | ০.০০৪ | ০.০০৪ |
| | | [১.৪] আফ্রিকান এশিয়ান (AARDO) দেশভুক্ত কর্মকর্তাদের ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা প্রশিক্ষণ | [১.৪.১] প্রশিক্ষণ কোর্স | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | [১.৫] মুজিব বর্ষ উদযাপন | [১.৫.১] বঙ্গবন্ধুর দর্শনে এসডিজি প্রতিফলন বিষয়ক সেমিনার আয়োজন | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১ | ১ | ১ | ১ | ০ | ১ | ১ |
| | | | [১.৫.২] বার্ড গ্রন্থাগারে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১ | ১ | ১ | ১ | ০ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] পল্লী এলাকার বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ, উন্নয়নের নতুন ক্ষেত্র অনুসন্ধান এবং সমস্যা উত্তোরণের পন্থা নিরুপনের জন্য গবেষণা পরিচালনা করা। | ১৫ | [২.১] সম্পাদিত গবেষণা | [২.১.১] সম্পাদিত গবেষণা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৭ | ৮ | ৮ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৮ | ৮ |
| | | [২.২] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | [২.২.১] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৮ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| [৩] প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে পল্লী উন্নয়নের নতুন ধারণা ও পদ্ধতি উদ্ভাবনের প্রচেষ্টা গ্রহণ। | ১৫ | [৩.১] বার্ডের রাজস্ব বাজেটের আওতায় প্রায়োগিক গবেষণা সম্পাদন | [৩.১.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ২ | ৩ | ৪ |
| | | [৩.২] এডিপি অর্থায়নে প্রকল্প পরিচালনা | [৩.২.১] এডিপি ভুক্ত প্রকল্প | সমষ্টি | সংখ্যা | ৩.৫ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | | ২ | ২ |
| | | [৩.৩] এডিপিতে অন্তর্ভুক্তির জন্য নতুন প্রকল্প প্রস্তাবনা | [৩.৩.১] মন্ত্রণালয়ে উপস্থাপিত প্রকল্প | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১.৫ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | [৩.৪] প্রকল্প সুবিধাভোগীদের ঋণ বিতরণ | [৩.৪.১] বিতরণকৃত ঋণ | ক্রমপুঞ্জিভূত | টাকা (কোটি) | ১.৫ | ০.২১ | ০.২৫ | ০.২৬ | ০২৫ | ০.২৪ | ০.২৩ | ০.১৫ | ০.২৭ | ০.২৭ |
| | | [৩.৫] ঋণ আদায় | [৩.৫.১] আদায়কৃত ঋণ | ক্রমপুঞ্জিভূত | % | ১.৫ | ৯৯.০ | ৯৯.০ | ১০০.০ | ৯৯.০ | ৯৮.০ | ৯৭.০ | ৮০.০ | ১০০.০ | ১০০.০ |
| | | [৩.৬] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত (মহিলা) | [৩.৬.১] নিয়োজিত মহিলা | ক্রমপুঞ্জিভূত | জন (লক্ষ) | ০.৫ | ০.০০৩ | ০.০০৩১ | ০.০০৩৫ | ০.০০৩২ | ০.০০৩১৫ | ০.০০৩১ | ০.০০১৮৬ | ০.০০৩৫ | ০.০০৩৫ |
| | | [৩.৭] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত (পুরুষ) | [৩.৭.১] নিয়োজিত পুরুষ | ক্রমপুঞ্জিভূত | জন (লক্ষ) | ০.৫ | ০.০০১৩ | ০.০০১৪ | ০.০০১৮ | ০.০০১৫ | ০.০০১৪৫ | ০.০০১৪ | ০.০০০৮৪ | ০.০০১৮ | ০.০০২ |
| | | [৩.৮] অবকাঠামো উন্নয়ন (কনফারেন্স হল, সুইমিংফুল) | [৩.৮.১] অবকাঠামো | সমষ্টি | % | ০.৫ | | | ১০০.০ | ৯০.০ | ৮৫.০ | ৮০.০ | ৭০.০ | ১০০.০ | ১০০.০ |
| | | [৩.৯] বার্ড অটোমেশন | [৩.৯.১] | | | | | | | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] পল্লী উন্নয়নের নীতি, কৌশল এবং নতুন ধারণা বিস্তারের ফলপ্রসূ কার্যক্রম পরিচালনা করা। | ১০ | [৪.১] গবেষক, নীতিনির্ধারক, শিক্ষাবিদ এবং সরকারি ও বেসরকারি কর্মকর্তা সমন্বয়ে বার্ষিক পরিকল্পনা সম্মেলন সংগঠন | [৪.১.১] বার্ষিক পরিকল্পনা সম্মেলন সংগঠন | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | [৪.২] পল্লী উন্নয়ন এবং সম্পৃক্ত বিষয়ে জাতীয়/ আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালা আয়োজন | [৪.২.১] আয়োজিত সেমিনার / কর্মশালা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | ৩ | ৩ | ৬ | ৬ |
| | | [৪.৩] বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পল্লী উন্নয়ন বিষয়ক অবহিতকরণ কর্মসূচি | [৪.৩.১] অংশগ্রহণকারী সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | জন | ২ | ১২০০ | ১২০৮ | ১২০০ | ১০৮০ | ৯৬০ | ৮৪০ | ৭২০ | ১২০০ | ১২০০ |
| | | [৪.৪] পল্লী উন্নয়নের বিভিন্ন বিষয়ে আর্টিকেলের সমন্বয়ে জার্নাল প্রকাশ | [৪.৪.১] প্রকাশিত ইংরেজী ও বাংলা জার্নাল | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| | | [৪.৫] গবেষণা ও প্রায়োগিক গবেষণা ফলাফল প্রকাশনা বিষয়ক সেমিনার | [৪.৫.১] আয়োজিত সেমিনার | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২ | ১ | ১ | ১ | ০ | ২ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [১.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] দপ্তর/সংস্থাকর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] সেবা সহজিকরণ | [১.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৬.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৭] বিভাগীয় মামলা নিস্পত্তি | [১.৭.১] বিভাগীয় মামলা নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [১.৮.১] সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হিসাবে মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ২৬.০৬.২০১৯ |
| মহাপরিচালক<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | তারিখ |
| ............................................ | ২৬.০৬.২০১৯ |
| সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | পউসবি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভলপমেন্ট বোর্ড |
| ৩ | বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভলপমেন্ট, কুমিল্লা | |
| ৪ | বাপার্ড, গোপালগঞ্জ | বঙ্গাবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এন্ড রুরাল ডেভলপমেন্ট, গোপালগঞ্জ |
| ৫ | আরডিএ, বগুড়া | রুরাল ডেভলপমেন্ট একাডেমি, বগুড়া |
| ৬ | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ৭ | এসএফডিএফ | স্মল ফার্মার্স ডেভেলপেমন্ট ফাউন্ডেশন |
| ৮ | AARDO | African Asian Rural Development Organization |
| ৯ | BPATC | Bangladesh Public Administration Training Centre |
| ১০ | CIRDAP | Centre on Integrated Rural Development for Asia and the Pacific |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী | [১.১.১] প্রশিক্ষণার্থী | বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরের কর্মকর্তা এবং বিভিন্ন পর্যায়ের স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের জন্য বুনিয়াদি, পল্লী উন্নয়ন এবং চাহিদাকৃত বিষয়ে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ সংগঠন। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | সংশ্লিষ্ট কোর্স সমাপ্তপূর্বক সার্টিফিকেট প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা | -প্রশিক্ষণ বিভাগের কোর্স রেজিষ্ট্রার -কোর্স সমাপনী প্রতিবেদন - বার্ষিক প্রতিবেদন |
| [১.২] সমবায় সংগঠন ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | [১.২.১] প্রশিক্ষণার্থী | বার্ডের প্রকল্প ভুক্ত সমবায় সংগঠন ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের জন্য আয়বৃদ্ধিমূলক কোর্স সংগঠন। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | কোর্স সমাপ্তপূর্বক সার্টিফিকেট প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা | -প্রশিক্ষণ বিভাগের কোর্স রেজিষ্ট্রার -কোর্স সমাপনী প্রতিবেদন |
| [১.৩] সরকারি/বেসরকারি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মাঠ সমীক্ষা সংযুক্তি প্রশিক্ষণ | [১.৩.১] প্রশিক্ষণার্থী | দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য পল্লী উন্নয়ন বিষয়ে মাঠ সমীক্ষা সংযুক্তি কোর্স সংগঠন। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | কোর্স সমাপ্তপূর্বক সার্টিফিকেট প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা | -প্রশিক্ষণ বিভাগের কোর্স রেজিষ্ট্রার -কোর্স সমাপনী প্রতিবেদন - বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] আফ্রিকান এশিয়ান (AARDO) দেশভুক্ত কর্মকর্তাদের ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা প্রশিক্ষণ | [১.৪.১] প্রশিক্ষণ কোর্স | আফ্রো-এশিয়ান দেশ ভুক্ত কর্মকর্তাদের জন্য ক্ষুদ্র ঋণ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | প্রশিক্ষণ কর্মশালা সমাপ্তপূর্বক সার্টিফিকেট প্রাপ্ত অংশগ্রহণকারী | -প্রশিক্ষণ বিভাগের রেজিষ্ট্রার - কোর্স সমাপনী প্রতিবেদন - বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] মুজিব বর্ষ উদযাপন | [১.৫.১] বঙ্গবন্ধুর দর্শনে এসডিজি প্রতিফলন বিষয়ক সেমিনার আয়োজন | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকি উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধুর দর্শনে টেকসই উন্নয়ন ও এসডিজি বিষয়ক সেমিনার আয়োজন | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা। | সেমিনার কর্মশালা প্রতিবেদন | সেমিনার সমাপনী প্রতিবেদন |
| | [১.৫.২] বার্ড গ্রন্থাগারে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকি উদযাপন উপলক্ষ্যে বার্ড গ্রন্থাগারে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা। | প্রকাশিত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| [২.১] সম্পাদিত গবেষণা | [২.১.১] সম্পাদিত গবেষণা | পল্লী উন্নয়নে বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও তা উত্তোরণের পন্থা নির্ধারনের লক্ষ্যে গবেষণা পরিচালনা | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | বার্ডের রাজস্ব বহিঃ ব্যবস্থার বাজেটের আওতায় পরিচালিত গবেষণা সংখ্যা | -গবেষণা বিভাগের রেজিষ্ট্রার -হিসাব শাখার রেজিষ্ট্রার - বার্ষিক প্রতিবেদন |
| [২.২] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | [২.২.১] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | সমাপ্তকৃত গবেষণা মূল্যায়নের ভিত্তিতে প্রকাশিত গবেষণা প্রতিবেদন | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | প্রকাশনা শাখার মাধ্যমে প্রকাশিত গবেষণা প্রতিবেদন | -প্রকাশনা বিভাগের রেজিষ্ট্রার -গবেষণা বিভাগের প্রতিবেদন -প্রকাশিত গবেষণা প্রতিবেদন |
| [৩.১] বার্ডের রাজস্ব বাজেটের আওতায় প্রায়োগিক গবেষণা সম্পাদন | [৩.১.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা | পল্লী উন্নয়নের পদ্ধতি/কৌশল নির্ধারণের লক্ষ্যে প্রায়োগিক গবেষণা পরিচালনা। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | বার্ডের রাজস্ব বাজেট ভুক্ত প্রকল্প বিভাগের অধীন পরিচালনাধীন প্রায়োগিক গবেষণা। | -প্রকল্প বিভাগের রেজিষ্ট্রার -হিসাব শাখার রেজিষ্ট্রার - বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.২] এডিপি অর্থায়নে প্রকল্প পরিচালনা | [৩.২.১] এডিপি ভুক্ত প্রকল্প | পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত এডিপি অর্থায়নে পল্লী উন্নয়ন সংক্রান্ত বিষয়ে প্রায়োগিক গবেষণা পরিচালনা। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | বার্ডের আওতায় এডিপি ভুক্ত পরিচালনাধীন প্রকল্প কার্যক্রম। | -এডিপি প্রতিবেদন -প্রকল্প বিভাগের রেজিষ্ট্রার |
| [৩.৩] এডিপিতে অন্তর্ভুক্তির জন্য নতুন প্রকল্প প্রস্তাবনা | [৩.৩.১] মন্ত্রণালয়ে উপস্থাপিত প্রকল্প | নতুন প্রকল্প পরিচালনার অর্থায়নের উদ্দেশ্যে মন্ত্রণালয়ে উপস্থাপিত নতুন প্রকল্প প্রস্তাবনা। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে উপস্থাপিত নতুন প্রকল্প প্রস্তাবনা। | - মন্ত্রণালয় কর্তৃক এডিপিতে উপস্থাপিত প্রকল্প তালিকা - প্রকল্প বিভাগের প্রতিবেদন |
| [৩.৪] প্রকল্প সুবিধাভোগীদের ঋণ বিতরণ | [৩.৪.১] বিতরণকৃত ঋণ | প্রকল্পভুক্ত গ্রামে সুবিধাভোগীদের আয়বৃদ্ধিমূলক কাজ পরিচালনার জন্য ঋণ প্রদান | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | বিতরণকৃত ঋনের পরিমাণ (লক্ষ টাকা) | -প্রকল্প রেজিষ্ট্রার -প্রকল্প প্রতিবেদন |
| [৩.৫] ঋণ আদায় | [৩.৫.১] আদায়কৃত ঋণ | প্রকল্পভুক্ত গ্রামে বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায় | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | আদায়কৃত ঋনের পরিমাণ | -প্রকল্প রেজিষ্ট্রার -প্রকল্প প্রতিবেদন |
| [৩.৬] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত (মহিলা) | [৩.৬.১] নিয়োজিত মহিলা | বার্ডের প্রশিক্ষণ, গবেষণা ও প্রকল্প কার্যক্রমের বিগত বছরের অর্জন পর্যালোচনাপূর্বক পরবর্তী বছরের পরিকল্পনা চূড়ান্তকরণ। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | বার্ষিক পরিকল্পনা সম্মেলন সংখ্যা। | -প্রশিক্ষণ বিভাগের রেজিষ্ট্রার -বার্ষিক প্রতিবেদন |
| [৩.৭] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত (পুরুষ) | [৩.৭.১] নিয়োজিত পুরুষ | পল্লী উন্নয়নের নতুন কৌশল/ধারণা/পদ্ধতি বিষয়ে বিভিন্ন পর্যায়ের অংশগ্রহণকারীর সমন্বয়ে সেমিনার/কর্মশালা সংগঠন। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | পল্লী উন্নয়ন বিষয়ে সংগঠিত জাতীয়/আন্তর্জাতিক সেমিনার/কর্মশালার সংখ্যা। | -প্রশিক্ষণ বিভাগের রেজিষ্ট্রার -সেমিনার/কর্মশালা সমাপনী প্রতিবেদন |
| [৩.৮] অবকাঠামো উন্নয়ন (কনফারেন্স হল, সুইমিংফুল) | [৩.৮.১] অবকাঠামো | সরকারের এডিপিভূক্ত বার্ডের ভৌত সুবিধাদি উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন কার্যক্রম গ্রহণ | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | সম্পাদিত কাজের অগ্রগতি শতাংশ | -প্রকল্পের প্রতিবেদন ও হিসাব রেজিষ্ট্রার |
| [৩.৯] বার্ড অটোমেশন (গ্রন্থাগার ও স্কুল) | [৩.৯.১] অটোমেশন | সরকারের এডিপিভূক্ত বার্ডের ভৌত সুবিধাদি উন্নয়ন প্রকল্পের আওতায় বার্ডের ব্যবস্থাপনা পদ্ধতি অটোমেশন স্থাপন | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | সম্পাদিত কাজের অগ্রগতি শতাংশ | -প্রকল্পের প্রতিবেদন ও হিসাব রেজিষ্ট্রার |
| [৪.১] গবেষক, নীতিনির্ধারক, শিক্ষাবিদ এবং সরকারি ও বেসরকারি কর্মকর্তা সমন্বয়ে বার্ষিক পরিকল্পনা সম্মেলন সংগঠন | [৪.১.১] বার্ষিক পরিকল্পনা সম্মেলন সংগঠন | বার্ডের প্রশিক্ষণ, গবেষণা ও প্রকল্প কার্যক্রমের বিগত বছরের অর্জন পর্যালোচনাপূর্বক পরবর্তী বছরের পরিকল্পনা চূড়ান্তকরণ। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | বার্ষিক পরিকল্পনা সম্মেলন সংখ্যা। | -প্রশিক্ষণ বিভাগের রেজিষ্ট্রার -বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] পল্লী উন্নয়ন এবং সম্পৃক্ত বিষয়ে জাতীয়/ আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালা আয়োজন | [৪.২.১] আয়োজিত সেমিনার / কর্মশালা | পল্লী উন্নয়নের নতুন কৌশল/ধারণা/পদ্ধতি বিষয়ে বিভিন্ন পর্যায়ের অংশগ্রহণকারীর সমন্বয়ে সেমিনার/কর্মশালা সংগঠন। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | পল্লী উন্নয়ন বিষয়ে সংগঠিত জাতীয়/আন্তর্জাতিক সেমিনার/কর্মশালার সংখ্যা। | -প্রশিক্ষণ বিভাগের রেজিষ্ট্রার -সেমিনার/কর্মশালা সমাপনী প্রতিবেদন |
| [৪.৩] বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পল্লী উন্নয়ন বিষয়ক অবহিতকরণ কর্মসূচি | [৪.৩.১] অংশগ্রহণকারী সংখ্যা | বার্ডের প্রশিক্ষণ, গবেষণা ও প্রকল্প কার্যক্রম বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য অবহিককরণমূলক সেশন পরিচালনা। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | বিভিন্ন অবহিতকরণ কর্মসূচীতে আগত কর্মকর্তা/শিক্ষার্থীর সংখ্যা। | -প্রশিক্ষণ বিভাগের রেজিষ্ট্রার -বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৪] পল্লী উন্নয়নের বিভিন্ন বিষয়ে আর্টিকেলের সমন্বয়ে জার্নাল প্রকাশ | [৪.৪.১] প্রকাশিত ইংরেজী ও বাংলা জার্নাল | গবেষক/উন্নয়নকর্মীদের পল্লী উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের অভিজ্ঞতার আলোকে রচিত ইংরেজী ও বাংলা প্রবন্ধ সমন্বয়ে জার্নাল প্রকাশের ব্যবস্থা গ্রহণ। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা। | প্রকাশনা বিভাগের মাধ্যমে প্রকাশিত ইংরেজী ও বাংলা জার্নাল সংখ্যা। | -প্রকাশনা বিভাগের রেজিষ্ট্রার -প্রকাশিত ইংরেজী ও বাংলা জার্নাল |
| [৪.৫] গবেষণা ও প্রায়োগিক গবেষণা ফলাফল প্রকাশনা বিষয়ক সেমিনার | [৪.৫.১] আয়োজিত সেমিনার | বার্ড কর্তৃক পরিচালিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল বিভিন্ন স্টেক হোল্ডারদের জানানো বিষয়ক সেমিনার আয়োজন | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা। | সেমিনার আয়োজন | -সেমিনার প্রতিবেদন -অংশগ্রহণকারীদের তালিকা |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ডিপার্টমেন্ট | স্বাস্থ্য অধিদপ্তর | প্রশিক্ষণার্থী | বার্ড এর বার্ষিক পরিকল্পনা অনুসারে প্রশিক্ষণার্থী প্রেরণ | এ সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ বার্ড প্রদেয় প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী এবং বার্ডের প্রশিক্ষণ সুবিধা ও মানব সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অঙ্গীকার পূরণ সম্ভব হবে না। |
| ডিপার্টমেন্ট | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) | প্রশিক্ষণার্থী | বার্ড এর বার্ষিক পরিকল্পনা অনুসারে প্রশিক্ষণার্থী প্রেরণ | এ সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ বার্ড প্রদেয় প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী এবং বার্ডের প্রশিক্ষণ সুবিধা ও মানব সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অঙ্গীকার পূরণ সম্ভব হবে না। |
| ডিপার্টমেন্ট | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | প্রশিক্ষণার্থী | বার্ড এর বার্ষিক পরিকল্পনা অনুসারে প্রশিক্ষণার্থী প্রেরণ | এ সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ বার্ড প্রদেয় প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী এবং বার্ডের প্রশিক্ষণ সুবিধা ও মানব সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অঙ্গীকার পূরণ সম্ভব হবে না। |